

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-আর-৬/৪ডি-০১/২০১৮-১২৮

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার সাবেক সাব-রেজিস্ট্রার জনাব দুলাল কুমার চৌধুরী এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) মোতাবেক 'অদক্ষতা' এবং বিধি ৩(বি) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে ০১/২০১৮ নং বিভাগীয় মোকদ্দমা রুজু করত: কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, জনাব দুলাল কুমার চৌধুরী উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত সাব-রেজিস্ট্রার, জনাব দুলাল কুমার চৌধুরী এর বিরুদ্ধে অদক্ষতা, অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং


যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব দুলাল কুমার চৌধুরীকে আনীত অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের বিপরীতে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে “বাধ্যতামূলক অবসর প্রদান” করার সিদ্ধান্তের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হলে কমিশন প্রাপ্ত সকল কাগজপত্রাদি পরীক্ষান্তে জনাব দুলাল কুমার চৌধুরী (সাময়িক বরখাস্তকৃত), সাব-রেজিস্ট্রার, আশাশুনি, সাতক্ষীরা-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী ‘বাধ্যতামূলক অবসর প্রদানে’ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত গুরুত্বপূর্ণ আরোপের সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করেছে।


সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ অনুযায়ী সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার সাবেক সাব-রেজিস্ট্রার জনাব দুলাল কুমার চৌধুরী এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) মোতাবেক 'অদক্ষতা' এবং বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় বিধি ৪(৩)(খ) অনুযায়ী তাকে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান করা হলো। এরূপ বাধ্যতামূলক অবসর প্রদানের ফলে তিনি বিধি মোতাবেক অবসর সংক্রান্ত সকল প্রকার আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ গোলাম সারওয়ার)
সচিব।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ নং আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয় এর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয় এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। জেলা রেজিস্ট্রার, সাতক্ষীরা।
- ০৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, আশাশুনি, সাতক্ষীরা।
- ০৮। জনাব দুলাল কুমার চৌধুরী, সাবেক সাব-রেজিস্ট্রার, আশাশুনি উপজেলা, সাতক্ষীরা।
- ০৯। অফিস কপি।


(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬৬০১০।